দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ ... 11 JUL 1988
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 4

# জাতি গঠনে কারিগরি জ্ঞান অপরিহার্য —শিক্ষা মন্ত্রী

শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, জাতি গঠনে কারিগরী শিক্ষা ও কারিগরি জ্ঞানের প্রয়োজনীয়তা অপরিহার্য এবং এ জন্যই বর্তমান সরকার এ শিক্ষার প্রসার ও মানোন্নয়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে।

মন্ত্রী গত শনিবার সকালে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সভাকক্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ও কারিগরি শিক্ষা অধিদপ্তর আয়োজিত এবং সুইডিস আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (সিডা)–এর সাহায্যপুষ্ট প্রকল্পাধীন কারিগরি বৃত্তিমূলক পাঠ্যক্রমের জন্য প্রণীত শিক্ষা শিক্ষা উপাদান ব্যবহার পদ্ধতির উপর অনুষ্ঠিত একদিনব্যাপী এক প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী অণুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদিচ্ছিলেন। খবরতথ্য বিবরণী'র।

বোর্ডের চেয়ারম্যান আবদুর রফিকের সভাপতিত্বে অনুষ্ঠানে কারিগরী শিক্ষা অধিদপ্তরের মহা–পরিচালক মিঃ, আর মল্লিক এবং সিডা প্রকল্পের উপদেষ্টা মিঃ স্টীগ গ্রান্ডার বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন।

শিক্ষা মন্ত্রী বলেন, শিক্ষা ব্যবস্থা পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী, শিক্ষক এবং শিক্ষা উপকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং শিক্ষা উপকরণের মধ্যে শিক্ষা উপাদান একটি উল্লেখযোগ্য অংশ।